গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান

ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০৩.১১.২৩১.২২.১৮১৭

তাং: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক স্মারক নং-২৯.০০.০০০০.২১৪.৯৯.০০১.২০.১০৩, তাং- ২১/১০/২০২৫ খ্রি: মূলে ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে বান্দরবান পার্বত্য জেলা পরিষদে নিম্নবর্ণিত ১১ টি শূন্যপদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্ন লিখিত শর্তানুযায়ী অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	গ্রেড	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	কম্পিউটার অপারেটর	১৩ তম	০১	১৮-৩২ বছর	এস এস সি ও এইচ এস সি/সমমান পরীক্ষায় উভয় ক্ষেত্রে ২য় বিভাগে পাশসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে এম.এস.ওয়ার্ড , এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং এম.এস এক্সেলে কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটারে টাইপের গতি ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩৫ ও ৩০।
২।	গ্রন্থাগার সহকারী	১৬ তম	০১	১৮-৩২ বছর	এইচ.এস.সি/সমমান পরীক্ষায় পাশ। তবে লাইব্রেরী সার্টিফিকেট কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩।	কার্য -সহকারী	১৬ তম	০২	১৮-৩২ বছর	এইচ.এস.সি পাশ। নির্মাণ কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
৪।	ড্রাইভার	১৬ তম	০১	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ এবং ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্সসহ ০৩ (তিন) বছরে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫।	চেইনম্যান	২০ তম	০১	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ
৬।	অফিস সহায়ক	২০ তম	০৩	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ
৭।	চৌকিদার	২০ তম	০১	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ
৮।	মালী	২০ তম	০১	১৮-৩২ বছর	অষ্টম শ্রেণি পাশ

উল্লেখ্য পরিষদের স্মারক নং ২৯.৩৫.০৩০০.০০৩.১১.২৩১.২১.৬০৫, তাং: ০৭/৪/২০২৫ মূলে জারীকৃত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লেখিত পদ সমূহে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের আবেদন বিবেচ্য বলে গণ্য হবে।

শর্তাবলী:-

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাইট : **www.bhdc.gov.bd** -তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় " অনলাইন চাকরি আবেদন" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে online এর মাধ্যমে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ২১/১২/২০২৫ খ্রি: বিকাল ০৫.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন দাখিল শুরুর তারিখ ২০/১১/২০২৫ খ্রি:। লিখিত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১.১। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel /5 x 5 সে:মি: এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

১.২। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID -সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষন করবেন।

১.৩। আবেদন Submit করার ৭২ ঘন্টার মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের ১-৪ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা, ৫-৮ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীগণ সকল গ্রেডের (১-৭ নং পর্যন্ত) জন্য পরিক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অফেরৎযোগ্য নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়া না হলে কোন অবস্থাতেই আবেদনপত্র গৃহীত হবে না। NID ও Mobile number দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে পুনঃরুদ্ধার করতে পারবেন।

১.৪। বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রদানের প্রক্রিয়া :

১ম ধাপ : **www.bhdc.gov.bd** -তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় " অনলাইন চাকরি আবেদন" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে পেইজের ফি পেমেন্ট অপশনে গিয়ে আপনার আবেদন নং দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন।

২য় ধাপ : মোবাইল (বিকাশ) নম্বর দিন।

৩য় ধাপ : মোবাইল (বিকাশ) নম্বরে প্রাপ্ত ভেরিফিকেশন নম্বর দিন।

৪র্থ ধাপ : আপনার বিকাশ পিন দিন এবং কনফার্ম করুন।

বিকাশ থেকে প্রাপ্ত SMS টি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

০২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার বজায় থাকবে।

০৩। অসত্য/ভুঁয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন রকম দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমানিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া আবেদনে নিজ জেলা, থানা/উপজেলা/লিঙ্গ (পুরুষ/মহিলা) ভুল করলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

CamScanner

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্রপতি কর্তৃক ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৮ নভেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত অধ্যাদেশ নং ১১, ২০২৪ খ্রি. মোতাবেক প্রার্থীর বয়সসীমা ১৯/১১/১৯ খ্রিস্টাব্দে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৫। অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন কপি দাখিল করতে হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদপত্রাদি (মূলকপি এবং একসেট ফটোকপি) দাখিল করতে হবেঃ
(ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ সংক্রান্ত সকল সনদপত্র, (গ) পৌরসভা/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (ঘ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), (ঙ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত মুক্তিযোদ্ধা পোষ্য সনদপত্র/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সনদপত্র/এতিম ও প্রতিবন্ধী সনদপত্র,(চ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসকের প্রদত্ত সনদপত্র,(ছ) জাতীয় পরিচয়পত্র এবং (জ) জন্ম নিবন্ধন সনদ।

বি: দ্রষ্টব্য: আবেদনের সাথে সংযুক্ত সকল সনদপত্র (ফটোকপি) অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (৯ম/তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।

০৮। আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ে যাদের আবেদপত্র সঠিক বিবেচিত হবে শুধুমাত্র তাদেরকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাসময়ে ইন্টারভিউ কার্ড ডাউনলোড করার লক্ষ্যে মোবাইল মেসেজ দেয়া হবে। তাই প্রার্থীগণকে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। অত:পর সংশ্লিষ্ট প্রার্থীগণকে Application ID এবং মোবাইল নং ব্যবহার করে নিজ উদ্যোগে স্ব-স্ব ইন্টারভিউ কার্ড ডাউনলোড/রঙিন কপি প্রিন্ট করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৯। লিখিত পরীক্ষার তারিখ ও সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে। লিখিত বা মৌখিক বা ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। নিয়োগ প্রক্রিয়ায় কোনো ধরণের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১২। কোন প্রার্থী "অনলাইন চাকরি আবেদন" অপশনে আবেদনের ক্ষেত্রে বিকাশ পেমেন্ট সিস্টেমে যান্ত্রিক ত্রুটির কারণে আবেদন করতে ব্যর্থ হলে ব্যাংক ড্রাফট সহযোগে অনলাইন আবেদনের প্রিন্টেড কপি সরাসরি দাখিল করা যাবে।

(অধ্যাপক থানজামা লুসাই)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০৩.১১.২৩১.২২ · ৯২৭

তাং: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মাননীয় উপদেষ্টা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
০৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
০৫। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
০৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি, পার্বত্য জেলা পরিষদ
০৭। ....
০৮। পৌর প্রশাসক, বান্দরবান পৌরসভা/লামা, বান্দরবান
০৯। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রশাসক, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান
১০। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান
১১। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সম্পাদক/জেলা প্রতিনিধি, আমার দেশ/[illegible]/কর্ণফুলী ..(বিজ্ঞপ্তির অনুলিপি অংশবাদে আগামী ০৩(তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২(দুই) টি কপি এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার অনুরোধসহ)। (৩ কলামে ১২ ইঞ্চি সাইজে)
১৩। অফিস কপি/ নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

(মুহাঃ আবুল মনসুর)
নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

CamScanner